দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া
বৃহস্পতিবার, ২৮ জুন ২০১৮, ১৪ আষাঢ় ১৪২৫, ১৩ শাওয়াল ১৪৩৯






Like 82 | Share 82 | Tweet | G+ | Share | Save | Share

# বরিশালে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় প্রশ্নফাঁস, আটক ৫

পরীক্ষা স্থগিত

বরিশাল অফিস ২৮ জুন, ২০১৮ ইং

ডিপ্লোমা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের পরীক্ষায় প্রশ্নফাঁসের ঘটনায় জড়িত থাকার অভিযোগে বরিশালের ইনফ্রা পলিটেকনিক ইনস্টিটিউটের পাঁচ শিক্ষার্থীকে গ্রেফতার করেছে পুলিশ। প্রশ্ন ফাঁসের ঘটনায় কারিগরী শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ ডিপ্লোমা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ষষ্ঠ সেমিস্টারের অটোক্যাড-২ এর পরীক্ষা স্থগিত করেছে।




গতকাল বুধবার দুপুরে এয়ারপোর্ট থানায় প্রেস ব্রিফিংকালে উপ-পুলিশ কমিশনার (উত্তর) হাবিবুর রহমান খান বলেন, মঙ্গলবার সন্ধ্যায় জাতীয় জরুরি সেবার (৯৯৯) সংবাদের ভিত্তিতে জানতে পারি বুধবারের ডিপ্লোমা ইন সিভিল ইঞ্জিনিয়ারিংযের ষষ্ঠ সেমিস্টারের অটোক্যাড-২ বিষয়ের পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছে। এই খবর পাওয়ার পর থেকেই প্রশ্ন ফাঁসকারীদের আইনের আওতায় আনতে অভিযানে নামে এয়ারপোর্ট থানা পুলিশ। থানার আওতাধীন এলাকা থেকে পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলার আমড়াগাছিয়া এলাকার মো. সোনা মোল্লার ছেলে জাহিদুল ইসলাম (১৯), পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলার পূর্ব চইতা এলাকার আব্দুল মান্নান হাওলাদারের ছেলে আবু নাঈম (২০), বাউফল উপজেলার মদনপুরা এলাকার সোহরাব হোসেন সরদারের ছেলে সাব্বির হোসেন সোহেল (২০), বরগুনা জেলার পাথরঘাটা উপজেলার গোলবুনিয়া এলাকার সফিকুল ইসলাম মৃধার ছেলে আমিনুল







facebook Recent Activity

ইসলাম নাছিম (২০) ও বরিশালের বাকেরগঞ্জ উপজেলার নলুয়া এলাকার হুমায়ুন কবির তালুকদারের ছেলে মো: তারেক রহমানকে গ্রেফতার করা হয়। তারা সকলেই বরিশালের ইনফ্রা পলিটেকনিক ইনস্টিটিউটের ছাত্র বলে জানান তিনি।

তাদের মোবাইল ফোন থেকে প্রশ্নপত্রের হাতে লেখা কপি উদ্ধার করা হয়। জেলা প্রশাসন, বরিশাল সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষসহ সংশ্লিষ্টদের বিষয়টি অবহিত করা হয়। পরবর্তীতে কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ড. সুশীল কুমার পালকে বিষয়টি অবহিত করা হলে তিনি ফাঁস হওয়া প্রশ্নপত্রের যাচাই-বাছাই করেন। এই ঘটনায় পরীক্ষা নিয়ন্ত্রণ আইনে থানায় মামলা দায়ের করা হয়েছে।




Like 82 Share 82 Tweet G+ Share Save Share

0 Comments The Daily Ittefaq 1 Login

Recommend Share Sort by Best

Start the discussion…

LOG IN WITH

OR SIGN UP WITH DISQUS ?

Name

Be the first to comment.

Subscribe Add Disqus to your siteAdd DisqusAdd Disqus' Privacy PolicyPrivacy PolicyPrivacy DISQUS

Tweets by @DAILYITTEFAQ

DAILY ITTEFAQ @DAILYITTEFAQ

বাংলাদেশি শান্তিরক্ষী নিহত হওয়ায় জাতিসংঘ মহাসচিবের শোকbit.ly/2KbOeT3



Embed View on Twitter